গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
পটুয়াখালী সদর, পটুয়াখালী
www.bbs.sadar.patuakhali.gov.bd

নম্বর-৫২.০১.৭৮৯৫.০০০.০৪.০৩০.২২.৩৭ তারিখ : ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই ২০২৬

# অস্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ও নৌপরিবহন অধিদপ্তরের যৌথ উদ্যোগে বাস্তবায়নাধীন নৌযান শুমারি-২০২৬-এর মাঠ পর্যায়ে মূল তথ্য সংগ্রহের জন্য সম্পূর্ণ অস্থায়ী (তথ্য সংগ্রহের শুরু এবং সমাপ্তি পর্যন্ত) ভিত্তিতে স্থানীয় পর্যায়ে (পৌরসভার ক্ষেত্রে ওয়ার্ড/পল্লীর ক্ষেত্রে ইউনিয়ন) তথ্যসংগ্রহকারী' নিয়োগের লক্ষ্যে নিচে উল্লিখিত এলাকায় বসবাসকারী স্থায়ী এবং শিক্ষিত বেকার বাসিন্দাদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম ও শূন্য পদের সংখ্যা | পদের ধরন | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|
| **স্থানীয় তথ্যসংগ্রহকারী (শূন্য পদের সংখ্যা-মোট ০৭ জন)**<br>১) পৌরসভা (ওয়ার্ড-০৩+০৫+০৬+০৭)=০১ জন<br>২) পৌরসভা (ওয়ার্ড-০৯) + জৈনকাঠী ইউনিয়ন=০১ জন<br>৩) ইটবাড়িয়া ইউনিয়ন=০১ জন<br>৪) বড়বিঘাই+মরিচবুনিয়া+মাদারবুনিয়া ইউনিয়ন=০১ জন<br>৫) বদরপুর+লাউকাঠী ইউনিয়ন=০১ জন<br>৬) ছোটবিঘাই ইউনিয়ন=০১ জন<br>৭) লোহালিয়া+ভুরিয়া+কমলাপুর ইউনিয়ন=০১ জন | সম্পূর্ণ অস্থায়ী (তথ্য সংগ্রহের শুরু এবং সমাপ্তি পর্যন্ত) | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক শ্রেণি (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) স্মার্টফোন এবং ট্যাবলেট পরিচালনায় দক্ষ হতে হবে;<br>(গ) গত ০১ জুলাই ২০২৬ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ (আঠারো) বছর ও সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বছরের মধ্যে হতে হবে;<br>(ঘ) আবেদনকারীকে আবশ্যিকভাবে সাঁতার জানতে হবে। |

**০২। নিয়োগের অন্যান্য শর্তাবলী:**

(ক) বিবিএস এর নিজস্ব জনবলকে গণনাকারী হিসেবে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে;

(খ) তথ্যসংগ্রহকারীকে আবশ্যিকভাবে স্ব স্ব শুমারি/গণনা এলাকার মধ্য থেকে নির্বাচন করা হবে;

(গ) এটি একটি অস্থায়ী নিয়োগ যা মূল শুমারির তথ্য সংগ্রহ কাজ সম্পন্ন হওয়ার সাথে সাথেই সমাপ্তি ঘটবে;

(ঘ) নিয়োগের পর যে কোনো পর্যায়ে কিংবা সময়ে উল্লিখিত শর্ত ভঙ্গ করা হয়েছে কিংবা তথ্য গোপন করা হয়েছে কিংবা দায়িত্বে অবহেলা করা হয়েছে মর্মে প্রমাণ পাওয়া গেলে এবং অর্পিত দায়িত্ব পালনে কোনো প্রকার ব্যত্যয়/অবহেলা পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিক নিয়োগ বাতিল করতে পারবে।

(ঙ) পূর্বে বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি/জরিপে (জনশুমারি ও গৃহগণনা, অর্থনৈতিক শুমারি, TUS, MICS, HMSS, EPS, VAW, HIES, SVRS, ECDS, LFS, পথশিশু জরিপ ইত্যাদি) কাজ করা অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে। উল্লিখিত শুমারি/ জরিপে যাদের কাজের অভিজ্ঞতা রয়েছে তারা আবেদনপত্রের সাথে উক্ত কাজের প্রমাণক হিসেবে তথ্যসংগ্রহকারী/সুপারভাইজার আইডি কার্ডের ফটোকপি অথবা তথ্য সংগ্রহের ছবি সংযুক্ত করতে হবে।

(চ) নিজের এন্ড্রয়েড মোবাইল ফোন থাকতে হবে। মোবাইল ফোনে হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট থাকতে হবে।

**০৩। আবেদনের নিয়ম ও প্রয়োজনীয় কাগজপত্র:**

(ক) আবেদনকারী সম্পর্কিত মৌলিক এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য সম্বলিত আবেদনপত্র **উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর ও সভাপতি, উপজেলা শুমারি/জরিপ কমিটি, পটুয়াখালী সদর** বরাবর স্বহস্তে লিখিতপূর্বক **আগামী ১৫ জুলাই ২০২৬ খ্রি. তারিখ; রোজ বুধবার বিকাল ৪.০০** টার মধ্যে **উপজেলা পরিসংখ্যান অফিস, পটুয়াখালী সদর**-এ অবশ্যই স্বশরীরে দাখিল করতে হবে। নির্ধারিত সময় অতিক্রান্ত হবার পর আবেদনপত্র দাখিল করা হলে কিংবা দাখিলকৃত আবেদনপত্র আংশিক/ অসম্পূর্ণ হলে তা বাতিল বলে গণ্য হবে;

(খ) জাতীয় পরিচয়পত্র সরকারি ১ম শ্রেণির (৯ম ও তদূর্ধ্ব গ্রেড) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এক কপি জমা দিতে হবে;

(গ) প্রার্থীকে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক অথবা পৌর মেয়র/প্রশাসক /ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নাগরিক সনদপত্র আবেদনের সাথে সরকারি ১ম শ্রেণির (৯ম ও তদূর্ধ্ব গ্রেড) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এক কপি জমা দিতে হবে;

(ঘ) উচ্চ মাধ্যমিক শ্রেণি (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট সরকারি ১ম শ্রেণির (৯ম ও তদূর্ধ্ব গ্রেড) গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক কপি দাখিল করতে হবে।

(ঙ) আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণাঙ্গ বায়োডাটা এক কপি জমা দিতে হবে। আবেদনপত্র এবং পূর্ণাঙ্গ বায়োডাটার সাথে সরকারি ১ম শ্রেণির (৯ম ও তদূর্ধ্ব গ্রেড) গেজেটেড কর্মকর্তা কর্তৃক এক কপি করে সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

(চ) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া হলে প্রার্থীতা বাতিল করা হবে।

**০৪। পরীক্ষার সময়: লিখিত পরীক্ষার তারিখ: ১৬/০৭/২০২৬ খ্রি.; রোজ: বৃহস্পতিবার; সময়: সকাল ১০.০০ ঘটিকা**। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের একই তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার জন্য প্রয়োজনীয় উপকরণ সাথে নিয়ে আসতে হবে;

**০৫। পরীক্ষার স্থান:** হলরুম, উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর;

০৬। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

০৭। নিয়োগের ক্ষেত্রে যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

**বিশেষ দ্রষ্টব্য: পটুয়াখালী পৌরসভার ওয়ার্ড নম্বর: ১, ২, ৪, ৮; আউলিয়াপুর ইউনিয়ন; কালিকাপুর ইউনিয়ন; মৌকরণ ইউনিয়নে লিস্টিং অপারেশনে প্রাপ্ত তথ্য অনুযায়ী কোন নৌঘাট/নৌযান পাওয়া যায়নি বিধায় উক্ত ওয়ার্ড এবং ইউনিয়নের বিপরীতে কোন শূন্যপদ নেই। তাই, উক্ত ইউনিয়নসমূহের বাসিন্দা/প্রার্থীদের আবেদন করার কোনরূপ প্রয়োজন নেই।**

২২.০৭.২৬

রওজাতুন জান্নাত
উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর
ও
সভাপতি, উপজেলা শুমারি/জরিপ কমিটি, পটুয়াখালী সদর
মোবাইল: ০১৭৩৩-৩৩৪১৪৩
ই-মেইল: unopatuakhali@mopa.gov.bd